

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও, নং ৩১৯-আইন/২০১৯/৮১-মুসক—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২৩৯-আইন/২০১৯/৭৫-মুসক, এর নিয়ন্ত্রণ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) অনুচ্ছেদ (ক) এর পরিবর্তে নিয়ন্ত্রণ অনুচ্ছেদ (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:
- “(ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দৃতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্তি ব্যক্তি ও সংস্থা কর্তৃক আমদানিকৃত পণ্য এবং আইন ও চুক্তির মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয় বা হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;”
- (খ) অনুচ্ছেদ (ত) এর প্রান্তস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;
- (গ) অনুচ্ছেদ (থ) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিয়ন্ত্রণ অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:—

(২৩৫১৯)

মূল্য : টাকা ৮.০০

- (দ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজাপন এসআরও নং-১৫৫-আইন/২০০৮/২০৮৭/শুল্ক, তারিখঃ ১০ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ এর আওতায় Solar panel উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ;
- (ধ) এইচএস কোড ৫৫০৪.৯০.০০ এর আওতায় সুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত Artificial Staple Fibre;
- (ন) বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত ও সুপারিশকৃত তাঁতী সম্পদায় কর্তৃক এইচএস কোড ৫৪০২.৪৭.০০ (Polyester Yarn), ৫৬০৫.০০.১০ (Metalized Yarn) এবং শুধুমাত্র নিবন্ধিত জামদানি তাঁতী সমিতির সদস্য কর্তৃক এইচএস কোড ৫৪০২.৫২.০০ (Polyester Yarn) ও ৫৬০৫.০০.৯০ (Other Metalized yarn) এর আওতায় আমদানিকৃত পণ্য;
- (গ) প্রাণী সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোলিট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান অথবা Animal Health Company অথবা পোলিট্রি, লাইভস্টক ও ডেইরি ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান; অথবা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ফিশারি এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক এইচএস কোড ২৩০৯.৯০.৯০ এর আওতায় আমদানিকৃত পোলিট্রি সেক্টরের পোলিট্রি ও মৎস্য খাদ্য উপকরণ বা কাঁচামাল;
- (ফ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত ন্যূনতম ৫০০০ DWT এর উর্ধ্বে সমুদ্রগামী জাহাজ;
- (ব) H.S. Code ৮৫৪৩.৭০.৯০ এর আওতায় বন্ড লাইসেন্সধারী শতভাগ রপ্তানিমুখী তৈরি পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত নিডল ডিটেক্টর;
- (ম) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজাপন এসআরও নং- ২৩৮-আইন/২০১০/২০১৭/শুল্ক, তারিখঃ ২৯ জুন, ২০১০ খ্রিস্টাব্দ এর আওতায় সংসদ সদস্য কর্তৃক আমদানিকৃত গাড়ী;
- (য) Customs Act, 1969 (Act IV of 1969) এর অধীন প্রণীত যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১৬ এর আওতায় বিক্রি/ হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।